

সচিত্রকরণ : আশোক কর্মকার

আনিসুল হক

আলো হাতে চলিয়াছে আধারের যাত্রী



কশা চলছে। রাস্তা অসমান। টুংটাং আওয়াজ হচ্ছে। একটু একটু বাঁকি লাগছে। শেখ মূজিবের সেই দিকে খেয়াল নাই। তিনি দেখছেন, পুরো ঢাকা শহর—মোগলটুলি থেকে সলিমুল্লাহ মুসলিম হল—পুরো পৃথিবী টাদের আলোয় ছুবে আছে। রেসকোর্স ময়দান, রমনার গাছগাছালি, গভর্নর হাউস, ঢাকা ক্লাব, আরু আসেম্বলি ভবন—সবকিছুকেই নিমগ্ন করল এই চাঁদের আলো।

শেখ মুজ্জিবের উদাস উদাস লাগে। রিকশা হলের সামনে আসে। তিনি রিকশাওয়ালার হাতে একটা আধুলি দিয়ে ফিবে না তাকিয়ে ইটিতে থাকেন। রিকশাওয়ালা ভাঙতি পয়সা বের করে দেখে সাহেব অনেক দূরে চলে গেছেন।

এটা কি একটা হল, নাকি কোনো স্বপ্নমহল!

সন্দিম্মার মুসলিশ থাটি থুবই সুন্দর স্যার আর এন মুখার্জি ব্যক্তিগতভাবে তদারক করতেন, মার্টিন জ্যান্ড কোম্পানি এই হলটির খ্রাপত্য নকশা ও নির্মাণকাজ সমাধা করেছে। মাথার ওপরে মায়ারী রঙের বড় বড় মিনার, প্রমা বারান্দার সুদৃশ্য বিদান, সামনে টেনিয় খেলার তিন্টা লন। এর চেয়ে সুন্দর ভবন ঢাকায় আর আছে কি না সন্দেহ। কার্জন হল, কিংবা হাইকোর্ট ভবনও এক দৃষ্টিনন্দন নয়।

চাঁদের আলোয় বিভান্ত শেখ মুজিবের প্রত্যয় হয়।

১৬ নম্বর রুমটির দিকে হাঁটেন শেখ মুজিব।

বেশির ভাগ শিক্ষার্থীই যুদ্দিয়ে পড়েছে। নিজের স্যান্ডেলের আওয়াজ লম্বা করিডর বেয়ে দূরে দেয়ালে লেগে প্রতিদ্যনিত ২য়ে ফিরে আসছে শেষ মুঞ্জিবের ফানে।

আন্তে করে রুমের দরজা ঠেললেন মৃজিব।

পাজীউল হক ওয়ে আছেন তাঁ≾ বিশ্বনিশ্ব। পাশের বিহান্টা থালী অশেরাঞের। **তিনি ছুটি নিয়ে বাড়ি গেছেন। এই সুযোগে সেই বিহানা**য় রা**ন্ত্রি যাপন**

করেন শেখ মৃজিবুর রহমান।

মুজিবের হাতে একটা ওযুধের শিশি। ড. করিম এই ওযুধ তাঁকে দিয়েছেন। মুজিবের শোয়া-খাওয়া কোনো কিছুর স্থিরতা নাই। এর ফলটা দাঁড়িয়েছে, ইদানীং কন্ইয়ের উল্টো দিকে, হাঁটুর নিচে ভীষণ চুলকার। এই ওযুধটা লাগাতে বলেছেন ডাক্তার সাহেব।

রুমে ঢুকে গুনুষের শিশিটা নিয়ে তিনি বিছানার দিকে তাকিয়ে আবার বিজ্ঞান্ত বোধ করেন।

খোলা জ্ঞানালা দিয়ে একটা চারকোনা আলো এসে পড়েছে আলী আপরাকের বিছানায়। তিনি জ্ঞানালা দিয়ে ডাকিয়ে দেখেন, মোগনটুলি থেকে যে চাঁদটা তাঁকে অনুসরণ করে আসছে, সে ঠিকই বিড়ানের মতো চুপি চুপি এসে তাঁর বিছানায় আশ্রয় নিয়েছে।

'মুজিব ভাই, আসলেন?' গাজীউল বলেন।

'কী গাজী, তুমি খুমাও নাই?'

'না, মুজিব ভাই। আপনি বাতি জ্বালান।'

মুজিব এতক্ষণ বাতি দ্বালাছিলেন না, গাঞ্জী সেটা লক্ষ করেছেন।

মুজিব বললেন, 'সারা দিন পরিশ্রম করে:, ক্রাস করো, আব্যর মিটিং-খিছিলও করো, তোমার তো দুমানো দরকার :ী

পাজী বলনেন, 'আপনার ভুগনায় আমার পরিশ্রম কোনো পরিশ্রমই না, মুজির ভাই। সকাল থেকে শুরু করেন মিছিল-মিটিং। কেপায় শোন, কোথায় যুমান, কী খান না খান, কোনো কিছুর ঠিক নাই। এখন একট্ট ভ'লো বিছানা পাইছেন। আপনি একট শান্তিমতো ঘূমান , আপনার শরীরের অবস্থা তো ভালো না ৷'

'অংরে মিয়া ঘুম হয় নাকি। দেখো না কী রকম চুলকানি

'চলকানির ওষধ দিছেন নাকিং'

হিটা। ডাক্তারের কাছে গেছলাম। সেখান থেকে আনলাম। এখন একটু ওষুধ লাগাই।

মুজিব ওছুমৈর শিশির মুখটা মোচড় দিয়ে খুলদেন। আধা তরল সাদা ওষুধটা হাতে নিয়ে যথাস্থানে লাপালেন।

শিশির মুখ খুললেন, যেন ভেতর খেকে বেরিয়ে এল আলাউদিনের ভয়ংকর এক দৈত্য, যে দৈত্যের নাম দুর্গন্ধ ।

'ব।শ রে, খী গন্ধ। কুইনিদ জুর সারাবে, তবে কুইনিন সারাবে। কে?' মুজিব বললেন।

াগাজী নাকের কাছে একটা কাথা ধরলেন 'সত্যি ভীষণ বদগন্ধ

মৃজিব বাইরের কাপড় ছাড়ার জন্য লুঙ্গি হাতে নেন।

তারপর আবার বাতির সুইচটা **টিপে ঘরটা অন্ধকার করেন**। আবারও একটা চারকোনা জ্যো**ৎসাখণ্ড অধিকা**র **করে নে**য় জানালার ধারের শুন্য বিছানটি।

মুজিব ডাকেন, 'গাজী, এই দিকে আসো।'

পাজীউন বুৰতে পাথেন না ঠিক কোঘায় যেতে বলা হচ্ছে। 'আসো ন'। আমরে কাছে আসো। একটা জিনিস দেখাই ভোমাকে .

'কী জিনিস?'

জ্যামার বিহানায় এফে বমো। ভাইলেই কেবল দেখা সাবে।

গাজীউল কাছে গেলেন মুজিবের। **রাসায়নিকের** গ**ন্ধটা আ**বার একটা ধাঞ্চা মারল গাজীর ঘ্রাণেন্দ্রিয়তে

এক হাত বিহানয়ে, আরেক হাত **উচিয়ে শে**খ মুজি**ব দেখাতে** লাগলেন জানালার বাইরে, 'ওই দেখে: '

'কী গ'

'চাঁদ। আজ মনে হয় পূর্ণিম'। গাঁদের অ'লে'র চেয়ে সুন্দর পৃথিবীতে আর কী আছে বলো তো?'

চাঁদের আলোয় মুজিব ভাইয়ের মুখখনা অপার্থির বলে মনে হচ্ছে। গজীউলের মনে হচ্ছে, এই দৃশ্য কি সত্যি হতে পারে? এই কথামাল ?

এই লোকটা সারাটা দিন খাজা নাজ্যি উদিন সরকারের অপশাসনের বিরুদ্ধে লড়ে যাচ্ছেন। একটার পর একটা ইস্যু খুঁঞ বের করন্থেন। প্রতিদিনই মিছিলের নেতৃত্ব দেওয়া চাই তাঁর। এর মধ্যে জেলখ্যনার অভিজ্ঞতাও তাঁর কম হয়নি : সর্বঞ্চণ উর পেছনে গোয়েপা পাগিয়ে রেখেছে **মুদলিম লীগ দরকার**। **আ**র তিনি কিনা এইখানে, সলিমুল্লাহ ইলের ১৬ নম্বর কক্ষে ভয়ে আকাশের চাঁদ দেখছেন!

খরে তো কোনো ফুলের জ্বণেও নাই। যা আছে তা চর্মরো**গে**র ভত্তরে তীব্র ধাতর ঝাঝালো পন্ধ।

'মুজিব ভাই, আমি ঠিক ধরতে পারছি না কোনটা সভ্য—চাঁদের আলো, নাকি এই চুলকানির ওয়ুধের বাঁজ্য' গাজী হেমে বললেন:

'খাজার শাসনে দুইটাই সত্য, গাজী তোমাকে চুলকানির ওয়ুধও দিতে হবে, আহার চাঁদের আলোও উপভোগ করতে হবে।

হেংশয় এঠো চাদ ছাদেৰ পাৰে, প্রবেশ মাগে আলো খরের খারে:

আমারে থুঁজিতে সে ফিরিছে দেশে দেশে,

যেন সে ভালোবেসে চাহে আখারে ."

শেখ মুজিব, ২২ বছরের ওকনো পটকা গাড়ীউন্দের চেয়ে বছর সাতেকের বড়, অত্যন্ত সুদর্শন, তার গলাটাও ভারি চমৎকার, বক্ততা দিয়ে দিয়ে সেটাকে খোলসা করে বেখেছেন, রবীন্ধনাথের কবিত: অংলীলায় মুখস্থ বলে যেতে লাগলেন।

ণাজী বিশ্বিত হলেন না। মুজিব ভাইয়ের স্মরণ্শক্তি অসাধারণ, আর মেখানেই যান তিনি, রবীন্দ্রনাথের কবিতার বই হাতে করে নিয়ে যান : একবার পডলেই তিনি সেটা মনে রখেতে পারেন।

মুজিব বললেন, এর আগের লাইনণ্ডলো শোনো---সবার মাঝে আমি ফিরি একেল। কেমন কবে কাটে সারাটা বেলা! ইঁটের পরে ইট, মাঝে মান্য-কীট— নাইবো ভালোবাসা, নাইকো খেলা ॥

কোথায় আছু ভূমি কোথায় মা গো, কেমনে ভুলে ভুই আহিস হাঁপো! উঠিলে নবশশী ছাদের 'পরে বসি আর কি রুপকথা বলিবি না গো?

হ্রদ্যুবেদনায় শৃন্য বিছ'নায় বুঝি, মা, আঁথিজলে রজনী জাগ'— কুসুম তুলি লয়ে প্রভাতে শিবলৈয়ে ইবাদী তনহায় ফুলল দাগ' ৷

মুজিব কলে চলেন, 'আমার মেয়েটা, হাসু, ওর বয়স এক পেরিরে গেল। এর মা ওকে চাঁদ দেখায়। আয় আয় চাঁদমামা টিপ দিয়ে যা। এবার যে গেলাম টুঙ্গিপাড়ায়, মেয়েটাকে ফেলে আসতে অমার কট্ট হয়েছিল, জানে: গাজীউল : ওর মায়ের প্রতিও আমি **ন্যায়বিচার করতে পারলাম না** ওদের যে ঢাকায় নিয়ে আসব, **সেই অবস্তাও তো এখানে** নাই। আন্দোলন আর আন্দোলন। **যেকোনো সময় প্রেপ্তার ক**রে ফেলতে পারে ওরা : কোনো কিছর **ঠিকঠি**কানা নাই ।'

গাজীউল বুঝতে পারেন, মুব্জিব ভাইয়ের কণ্ঠস্বর ভেজা।

সামনে অসলেই অনেক কাজ পাকিন্তানের প্রধানমন্ত্রী লিয়াকত তালী আস্কেন। তাঁকে একটা স্মারকলিপি দেওয়া হবে। রাষ্ট্রভাষা কর্মপরিষদের মিটিংয়ে গিয়েছিলেন মজিব। ১৭ নভেম্বর ১১৪৮-এর সেই সভায়ে কাসকালীন আহমদকে ভার দেওয়া হয়েছে মেমোরেভামটা রচনা করার: লিয়াকত আলী ঢাকায় এলে তাঁর বিরু**ছে** বিশ্লো**ড** দেখানোর পরিকল্পনা করা হচ্ছে।

আর সরকারের লোকজনের মাধাও খারাপ হয়ে গেছে বলে মনে হয়। ফজলুর রহম্বান, কেন্দ্রের শিক্ষামন্ত্রী, এখন ঘোষণা করছেন, বাংলা লিখতে **হবে আ**রবি হরফে। এর আগে একবার প্রস্তাব করা হয়েছে রোমান হরফে বাংলা লেখার : প্রাথমিক পর্যায় থেকেই উর্দ ভাষা শিক্ষা বাধ্যতামলক করার কথাও বলা হচ্ছে। এদবের বিরুদ্ধে মিছিল হচ্ছে সভা হচ্ছে। পত্রপত্রিকায় লেখালেখি হচ্ছে। আর জিন্সিপক্রের দামও বাড়ছে হু হু করে। শেখ মুজিব দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদেও মিছিল সংগঠিত করছেন। কর্তন-প্রথার বিরুদ্ধেও আন্দোলন করছেন কর্তন-প্রথা হলো, খাদ্য-উদ্বন্ত জেলা থেকে কেনে খাদ্য বাইরের জেলায় বেসরকারিভাবে যেতে পারবে না, সরকার সেটা কিনে নিয়ে ভারপর নিজেদের মতো করে ব্যবস্থা নেবে। এটা করতে গিয়ে খাদাসংকট আরও বাড়ানো হচ্ছে:

গাজী শেখ মুজ্জিবের চোখের দিকে তাকালেন তাঁর চোখের নিচে দুটো চাঁদ উল্*থল কর*ছে।

কথা যোৱানোর জন্য গাজী বললেন, 'মুজিব ভাই, র্**বীন্দ্রনা**থের ক**বি**তার **ভক্ত আপ**নি কেমন করে হলেন? আপনার লিভার সোংরাওয়াদী তেঃ বাংলাই ভালো করে বলতে পারেন না। আর আপুনি তাঁর অনুসারী হয়ে সারাঞ্চণ রবীন্দ্রনাথ আওড়ান।'

মুজিব হেসে উঠলৈন শব্দ করে:

'কী ব্যাপার, হাসলেন ধে।'

'আছে ব্যাপার।' বলে তিনি লুঙ্গি পরে গামছা নিয়ে বেরিয়ে পড়লেন হাতমুখ ধোয়ার জন্য

েমে দেখেন গাজী ঘমিয়ে পড়েছন

মজিব বিছানায় প্রয়ে পড়লেন।

এই বিহুনা থেকে সরাসরি চেখে যাচ্ছে চাঁদের দিকে :

তিনি সাঁদের দিকে তাঁকিয়ে রইলেন : চাঁদের ওপর দিয়ে মেঘ দৌড়াছে হলকা শরীর নিয়ে মনে হচ্ছে চাঁদটাই দৌড়াছে। আদলে তো চাঁদ নৌড়ায় না মেঘের দৌড়ায়।

কত কথা মনে পড়ে খুজিবের:

সাত্তরিশের পরে হোসেন শহীদ নোহরাওয়াদী বারবার এসেছেন পাকিন্তানে। ঢাকায় এসে খাজা নাজিম উদ্দিনের অতিথি হয়েছেন। করাচিতে গণপরিষদের সভায় ১৯৪৮ সালের মার্চ মাসেই ভাষণ দিয়েছেন। প্রতিবারই তিনি কথা বলোহেন অসাম্প্রদায়িকভার পক্ষে, হিন্দু-মুসনিম সম্প্রতির পক্ষে, ভারত-পাকিন্তান শান্তিপূর্ণ সহাবস্থানের শক্ষে। লিভারের এই অসাম্প্রদায়িকভার গুণটিকে মুদ্ধিব বড় ভালোবাদেন। কলকাতা থেকে গাড়ি নিয়ে সরাসরি এসেছেন যশোরে। শান্তির সপক্ষে সভা করে ফিরে গেছেন দিনে দিনে। খুলনায় এসেহিলেন। স্থেন থেকে করিনপুর-গোপালগঞ্জ। মুদ্ধিব ফরিদপুর-গোপালগঞ্জের সভা সফল করার জন্য থেটেছেন প্রচুর। সভা সুন্দরভাবে সফলভাবে অনুষ্ঠিত হয়েছে।

এপ্রিল মানেও তিনি এসেছিলেন ঢাকায়। সন্ধর্যটি করোনেশন। পার্কে সভা করেছেন। তিনি যখন বন্ধুতা বরছিলেন, তখন শাহ আজিছের মুসলিম ছাত্রলীগের পাঠানো একটা ছেলে দড়ি বেয়ে মঞ্চের পেছনে উঠে পড়ে। তার হাতে ছিল ছুরি। সে এসেছিল সোহরাওয়ার্দীকে খুন করতে। জনতা অবশ্য ছেলেটিকে ধরে কেলে।

সোহরাওয়াদী বারবার এই দেশে আসুক, খাজা নাজিম উদ্দিনরা তা চান না। না চাইবারই কথা। তিনি এলে এই দেশে আর সাম্প্রদায়িকতাবাদীদের রাজনীতি চলবে না। খাজা আর লিয়াকত আলীরা তাঁর সঙ্গে পেরে উঠবেন না। গত জুল মালে সোহরাওয়াদী সাহেবকে আয়ন্ত্রণ জানানো হয় মানিকগঞ্জের একটা শান্তিসভার ভাষণ দেওয়ার জন্য।

কলকা**তা থেকে সে**হরাওয়ানী আ**সবেন বিমানে**।

সকাল সকাল মুজিব হাজির হরেছিলেন তেজগাঁও বিমানবন্দরে। কামক্রন্দীন আহমদসহ ১৫০ মোগলটুলির ওয়ার্কার্স ক্যান্দের কয়েকজন উপস্থিত ছিলেন সেখানে।

কিন্তু দুই খাস আপে পিড়ার এসে যে বাড়িতে উঠেছিলেন, 'পিলকুশা' নামের সেই বাড়ির মালিক খাজা নসক্রপ্রাইই উপস্থিত নেই। কামরুদ্দীন সাহের বললেন, মানিকগঞ্জের লঞ্চ তো ছাড়বে সেই সন্ধ্যায়। এডক্ষণ লিড়ার কোথায়ই বা থাকবেন, আর যাকেনই বা কা করে? খাজা নসক্রপ্রাই সাহের যে এখনো একেন না

বিমান অবতরপ করল রানওয়েতে। সিঁড়ি বেয়ে নেমে এলেন ৫৬ বছর বয়সী সোহরাওয়াদী সাহেব। পাঞ্জাবি-পান্ধামা পরিহিত পিতারকৈ বেশ ফুরফুরেই দেখাচ্ছিল। পূর্ব আকাশে সূর্য ছিল, আলো এসে পড়েছে তার মুখে, তিনি ভ্রু কুচকে আছেন। তবু তার মুখ হাসি হাসি।

্মুজিব হাত বাড়িয়ে দিলেন। লিডার তাঁকে **জড়িয়ে** ধরলেন। কুশল বিনিময়ের পরে লিডার বললেন, চলো, যাওয়া যাক। খাজা কই?

'তিনি আসেননি।' কামরুদ্দীন সাহেব জানালেন।

আমি ভাকে ভার করে এগেছি। সে ভো জানে আমি ভার বামার উঠব। দেখো তো কী ব্যাপার?

কামরন্দীন সাহেব ছ্টুপেন বিমানবন্দর অফিসে, একটা ফোন করার জন্য। ফিরে এনে কলসেন, খাজা সাহেব বললেন, তাঁর বাড়িতে অনেক মেহমান। স্তরাং ওখানে তিনি লিডারকে নিতে পারছেন না।

সোহর ওয়ার্দী বললেন, 'তা কী করে হয়! আমি ফোনে কথা বলি। কোথাও কিছু একটা ভুল বোঝাবুৰি হছে।'

তুল বোঝাবৃঝিটা কী, মুদ্ধিব সেটা আঁচ করতে পারছেন। তিনি বললেন, 'আমার মনে হয় সরকার চায় না আপনি বারবার পূর্ব বাংলায় আসেন। কাজেই তারা সবাইকে বলে দিয়েছে কেউ যেন আপনাকে বাড়িতে না ওঠায়।'

কামকন্দীন সাহেব বললেন, 'আপনার ফোন করাটা উচিত হবে না।'

বিমানবন্দর থেকে ঘোড়াগাড়ি ভাড়া করে তাঁরা চললেন আমজাদ খান সাহেকের জয়নাগ রোডের বাসায়। ততক্ষণে আকাশে মেঘ জমে গেছে। কিন্তু বৃষ্টি হচ্ছে না। ভাপসা গ্রম।

আমজাদ সাহেকও অবিভক্ত বাংলার প্রাক্তন মুখ্যমন্ত্রীকে একটা প্রহরের জন্য ঠাই দিতে রাজি হলেন না ৷ এ তো ভারি মুশকিল হলো!

মুজিবের বড় রাগ হচ্ছে। মনে হচ্ছে, লিতারকে নিয়ে সোজা চলে যান পার্টি অফিসে। ওয়ার্কার্স ক্যাম্পে। কিন্তু লিতারের মুখ



খ্যত উচিয়ে শেখ মুজিব দেখাতে লাগনেন জানালার বাইরে

হাসি হাসি। তিনি রাজনৈতিক নেতা। জানেন যে রাজনীতি মানেই চড়াই-উতরাই। নাগরদোলার মতো একজন রাজনীতিকের জীবন। কাল যিনি পরম বন্ধু, আজ তিনি দুচোখের বিষ।

এদিকে কামরুদীন সাহেব ছুটলেন ক্যান্টেন শাহজ্ঞাহান সাহেবের বাসায়। কামরুদ্ধীন সাহেব পরে জানিয়েছেন ফুজিবকে, শাহজাহান সাহেবের ব্রী নুরজাহান, বিশ্ববিদ্যালয়ে ঘাচ্ছিলেন, তাঁকে বলতেই তিনি রাজি হয়ে গেছেন। সোহরাওয়াদী সাহেবের মতো বড় মানুষ আসছেন জনে তিনি রামাঘ্যের চলে গেছেন সোজা।

কামরক্ষীন সাহেব এসে বললেন, 'লিডার, চলুন। ধাবারের ব্যবস্থা হয়ে গেছে।'

সোহরাওয়াদী বললেন, 'কোথায়?'

'প্রশ্ন নর,' কামরুদ্দীন সাহেব বনলেন, 'চিরকাল আপুনি নেতৃত্ব দিয়েছেন, আমরা আপনার কথামতো চলেছি। আজকে না হয় আপুনি আমার নেতৃত্ব মেনে নিন। আমার সাথে চলুন।'

কথা না বাড়িয়ে সোহরাওয়ার্দী সাহেব যোড়ার গাড়িতে গিয়ে উঠলেন। মুজিব জার কামরুদ্দীন সাহেবও তাঁর সঙ্গে চঙ্গলেন। কর্মীরা পেছনে পেছনে তাঁদের গাড়ি অনুসরণ করন্দেন।

নুরজাহান খাওয়া-দাওয়ার আয়োজন করেছেন বিশাল। অনেক পদের রাম্রা। সোহরাওয়াদী সাহেব তো খেলেনই, কর্মীবহরের খাওয়াও সম্পন্ন হলো আয়েশের সঙ্গেই।

শাহজাহান সাহেব ও নুরজাহান তাঁদের শয়নকক্ষটাই ছেড়ে দিলেন সোহরাওয়াদী সাহেবের জন্য।

সন্ধ্যা সাড়ে সা<mark>তটার স্</mark>টিমার ছাড়বে বাদামতলী ঘাট থেকে। কমীবহরসমেত নেতা চললেন যাটে। সন্ধ্যা নামার আগেই।

তথন বাদামতলীতে ভিড় জমে উঠেছে। কুপিবাতি জ্বলছে ফেরিওয়ালাদের পসরার সামনে। কুলিরা হাঁকাহাঁকি করছে। ভিথিরিরা ভিক্ষা করছে গান গেয়ে। ষ্টিমার ঘটে ভেড়ানোই ছিল। নেতা সেটায় উঠলেন। গোতলায় কেবিনের সামনে অনেকটা জায়গা ফাঁকা। সেখানে চেয়ার পাতা। সবাই পিয়ে সেখানে বসেপড়া গেল। আছচাও উঠল জমে। আটটা বাজল, সাড়ে আটটা। কিন্তু ষ্টিমার ছাড়ার কোনো নামই নাই। সারেংকে জিজ্ঞেস করতেই সে জানাল, পুলিশ সাহেব এসে বলে গেছেন, তাঁর আদেশ না পাওয়া পর্যন্ত জাহাজ ছাড়া যাবে না।

মুজ্জিব উঠলেন। কামরুদ্দীন সাহেব ছুটলেন। তাঁরা ফোন করতে লাগলেন নানা কর্তারাক্তির কাছে।জানা গেল, মুখ্যমন্ত্রী কল বুক করেছেন করাচিতে। কেবিনেট মিটিং চলছে। করাচি থেকে ফোন এলে তারপর তিনি শিক্ষান্ত দেবেন জাহাজ ছাড়বে কি ছাড়বে সাড়ে নটায় পুলিশের গাড়ি এল দুটো। ম্যাজিস্টেট, পুলিশের আইজি, ভিআইজি! তাঁরা হাতে করে এনেছেন একটা সরকারি আদেশপত্র। সোহরাওয়াদী মানিকগঞ্জে বজ্জা করতে যেতে পারবেন না। তাঁকে অনভিবিলগ্রে দেশ ছাত্ততে হবে!

পুলিশের আইজি জাকির হুদেন । এই জাকির হুদেনকে ঢাকার পুলিশ সুপার পদে নিয়োগ দিয়েছিলেন তৎকালীন মুখ্যমন্ত্রী মোহরাওয়াদী। তারপর একজন ইংরেজ সাহেব যথন এই প্রদেশের আইজি পদে নিয়োগ পেল, তথন বাঙালি পুলিশ কর্তাদের সবাইকে এক ধাপ করে পদাবনমনের সামনে পড়তে হলো। তথন এরা সবাই মুখ্যমন্ত্রী সোহরাওয়াদীকে বলে-কয়ে ওই ইংরেজের নিয়োগ বাতিল করিয়েছিলেন। আজকে তারাই ধ্য়ে এনেছেন সোহরাওয়াদীর বহিহ্যাধাদেশ।

জাকির হুসেন বলজেন, 'আপনি আজু রাতে আমার বাস্থ্য থাকতে পারেন।'

া সোহরাওয়াদী বললেন, 'থ্যাংকস। ইফ আই এম নট আন্তার অ্যারেস্ট আই উত প্রেফার টু রিমেইন উ**ইথ মাই হোট**।'

জাকির হসেন বললেন, আপনি **যেখানে খুশি আঁজকের রাতটা** কাটাতে পারেন।

শোহরাওয়ানী বললেন, 'টেল ইয়োর নজিম উদ্দিন দ্যাট শোহরাওয়ানী ইজ নট ইয়েট তেও।'

বুড়িগঙ্গায় তথন ঘন অন্ধকরে। খাটের আলোয় নদীর পানিতে কালো তেউয়ের নড়াচড়া দেখা যাছে: দূরে নৌকার গায়ে গায়ে আলো সোহর ওয়াদী, কামরুদীন, শেখ খুজিব—সরাই নেমে এলেন জাহাজের ডেক থেকে

সোঁধরাওয়াদী সাহেব পুলিশদের কালেন, 'একটা ছোট সিদ্ধান্ত নিতে এত দেরি করলে চলবে? অযথা এতঙান সাধারণ যাত্রীকে আপনারা এতঞ্চণ ধরে কট দিলেন।

শাহজাহান সাহেবের বাসাতেই ফি**রে এলেন** তাঁরা। **এ**লে দেখেন, বাসার চারদিকে পুলিশ : ভেতরেও পুলিশের গোরেন্দা কর্মকর্তারা বসা

সোহরাওয়ার্দি বললেন, 'শহজাহান সাহেবের না কোনো ক্ষতি করে বনে এরাং'

শাহজাহান সাহের অবশ্য ভয় প্রেলেন না সরাই মিলে ধরে শোবার যবের খাটটা ফ্যানের নিচে আনা হলো। কর্মীরা একে একে চলে গেল। গুধু রয়ে গেলেন কামক্রন্দীন।

মুজিবত বিলয় নিজেন। পরের **দিন ভোর থাকতে থাকতে**ই মুজিব এসে হাজির শাহজাহান সাহেবের **বাসায়**।

নুরজহান, কামরুজীন, মুজিব প্রবেশ করলেন শোবার খরে। দেখতে পেলেন, লিডার একমনে চোখ বুজে কবিতা বলে চলেছেন, শোগিনীরা চারিনিকে ফেলিতেছে বিষাক্ত নিঃখান,/ শান্তির দলিতবাদী গুনাইবে বর্থে পরিহান,/ যাবার আগে তাই ডাক দিয়ে যাই,/ দানবের সাথে সংখ্যাদের তরে প্রস্তুত হতেহ যারা খরে খরে :

দূরজাহান ছিলেন বিশ্ববিদ্যালয়ে বাংলার এমএ ফ্লানের ছাত্রী, বললেন, 'শহীদ সাহেব, আপনি বাংশা পড়েন? বাংলা কবিতা পড়েন? রবীক্তনাথ পড়েন?'

পোহরাওয়ার্দীর সামনে নুরজাহানের নোটবাতা, পেটা বদ্ধ করে তিনি বললেন, 'আহ্বা, তুমি তো বাংলার ছত্রী আমাকে বোঝাও তো মধুমাখা আখিজল মানে কী? লবণাক্ত আঁথিজন কি মধ্যাখা হতে পারেঃ'

তারপর তিনি উঠালেন বাধক্রমের দি**কে যেতে যেতে বদলে**ন, আমি সুঃখিত আমার জন্য তোমাদের **কট্ট করতে হলো**!

টাদের আলোর দিঞে তাকিয়ে আছেন মুজিব। তাঁর চোখে আধারও অশ্রু। আজ তাঁর কী হয়েছে? এখনই যদি গাজী চোখ মেলে, সে নেখে ফেলবে তাদের মুজিব ভাইয়ের চোখ ডেজা। এও কি ২য়? তিনি চোখ মুছলেন। এই অশ্রু কি মধুমাখা?

গাজীউল হক খুমুছে। খুমাক। ও জেলে উঠলে ভকে বলতে হবে, 'শোনো গাজী, আমার লিডার ভাধু রবীন্দ্রনাথ পড়েনই না, তিনি বোধারও চেষ্টা করেন। মধুমাখা অশুজল মানে কী! তুমি কী ভাবো, বলো তেঃ?

মুজিবের মনে রবীন্দ্রনাথের পঙ্তি দোলা দিয়ে যাচ্ছে: সংসারমাঝে দু-একটি সূর রেখে দিয়ে যাব করিয়া মধুর, দূ-একটি কাঁটা করি দিব—
তারপর ছুটি নিব।

মূখ হাসি জারে হবে উজ্পুণ,
মূসর হবে নয়নের জল,
স্নেহসুধামাথা বাসপৃহতল
আরও আপনার হবে।
প্রেয়সী নারীর নয়নে অধরে,
আরেকটু মধু দিয়ে যাব ভরে,
আরেকটু সেহ শিশুমুখ পরে
শিশিরের মতো রবে….

মুজিবের মনে পড়ে, সোহরাওয়ার্দী সাহেবকে কীভাবে পুলিশ পরের দিন বিকেলে গাড়িতে ভুলে দেয় মুজিবও স্টেই গাড়িতে উঠে পুড়েন। লিডারকে পুলিশু গোয়ালন্দগামী জাহাজে ভুলে দেয়

মুজিব তাঁকে কেবিনে বসিয়ে দিয়ে তারপর নেমে আসেন। জাহাজ ছেতে দেয় ভেঁপু বাজিয়ে। পানিতে চেউ তোলে। চেউ আছড়ে পড়ে ঘাটে। বাঁধা দৌকাঙলো দুলে ওঠে। জাহাজটা আন্তে আ**ক্তে** চোখের **আ**ড়ালে চলে যায়।

জেটি শূন্য হয়ে গেলে মুজিবের চারপাশটা যেন শূন্য বলে খনে। হয়।

তবু তিনি নিজেকে শক্ত করেন। নেতা বলে গেছেন স্বশাস্থ্যামিকভার পথে সংগঠন স্বার স্বন্ধোলন চালিয়ে যেতে। তিনি আবার আসবেন।

সলিমুল্লাহ হলের আকাশে পূর্ণিমার চাঁদ। এই চাঁদ উঠেছে কলকাতায় একই চাঁদ উঠেছে টুঙ্গিপাড়ায় :

লিতারের সঙ্গে তাঁর কত দিনের পথচলা। কত মধুর স্থৃতিই না তাঁর আছে সোধরাওয়াদীকে যিরে। বছর তিনেক আগের কথা। সামনে নির্বাচন। প্রার্থী মনেনরনের জন্য জনমত যাচাই করতে, হবে। নেতা চলেছেন গোপালগঞ্জের উদ্দেশে। সঙ্গে তাঁর একমিষ্ঠ কর্মী মুজিব তে আছেনই। আরও জনা পনেরো কর্মীও চলেছেন নেতার সঙ্গে। বাহন গুণটানা আর দাঁড় বাওয়া নৌকা। সিন্দিয়াঘাট থেকে নৌকা যাত্রার্ভ্জ কর্মেছে। গোপালগঞ্জ আরও ২০ মাইল দুরে। তাড়াতাড়ি পৌছা দরকার।

মুক্তিব নিজেই দাঁড় বাইতে লাগপেন : সঙ্গে অন্য কমীরাও দাঁড় চালাতে লাগলেব । মাঝিদেব ছোড় দেওয়া হলো গল টানার জন্ম । সাতপাড় বাজারের কাঙে এসে সোহর্রাওয়াদী সাহেব বললেন, 'অল্লক্ষণের জন্ম নৌকটো একটু দাঁড় করাও।'

তা-ই করা হলো। সেতা নেমে গেলেন নৌকা থেকে। ওই ছোট বাজার থেকে খূঁছে পেতে নিয়ে এলেন টিড়া আর খেজুনের গুন্ত।

মুজিব বিশ্বিত : তাঁৱ' কেউই তাঁকে খাব্যেরে কথা বলেন নাই। । সবাই মিলে ওড়-চিড়া খেয়ে নেওয়া গেল।

সারা রাত নৌকা চলল আর কোনো খাবার তাঁদের মুখে ছটল না

মুজিব নেতার এই গুণের কথা জানেন। বনীর খরের ছেপে, অভিজাত পরিবার। কণকাতা ক্লাবের সদস্য: অল্পফার্ড বিশ্ববিদ্যালয়ের এমএ। তিনি মখন অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী, সে সময় এক ইংরেজ আইসিএস কর্মকর্তা ফাইলের নোটে যা লিখেছিলেন, সোহরাওয়াদীর তা মনঃপৃত হয়নি। তিনি ওই অফিসারকে তিরস্কার করলেন গভর্নরকেও জানালেন, 'এই অফিসার তা নোটই লিখতে জানে না।' গভর্নর খলনেন, 'লেকি, ও তো অল্পফার্ডের এমএ।' সোহরাওয়াদী বললেন, 'তথ্যজার্ডের এমএ।' সোহরাওয়াদী বললেন, 'তথ্যজার্ডের এমএ। তা জার্মিও। আমি খুব জানি, সব ইংরেজ ভালোমতো ইংরেজি জানে না।' এ রক্ষম প্রবল যার ব্যক্তিত্, তিনি বিনা ভারের সঙ্গে একটা দেশি নৌক্যয় বসে সারা রাত জেগে গ্রামবাংলং স্থার করছেন।

মুজিবের আজ एম আসছে না। এই রকম সাধারণত হয় না। হেনোনো প্রানে চোখ বোজাযাত্রই ঘুমিয়ে পজার অপ্তর্গ কম্তা তাঁর আছে। তা না হলে করোগারে, কিংবা ষ্টিমারে, কিংবা পার্টি অফিসে, কিংবা পাতলা খান লেনের যোগে—হেখানে রাত সেখানেই কাত, আর সেখানেই নিদ্রাপাত তিনি করতে পারতেন না।

সোহরাওয়াদী তথন অবিভক্ত বাংলার দিভিদ সাপ্লাই মন্ত্রী। থিয়েটার রোডের বাসভবনে নিজের ডেস্কে থেস সেদিনের ডাক দেখছেন তিনি। মুজিব বসে আছেন তাঁর জেস্কের অপর গাড়ে। একটা গোষ্টকার্ড হাতে তুলে নি**য়ে সোহরাওয়াদী সাহেব বিমর্থ হয়ে** প**ড়লে**ন যেন। উঠে পড়লেন।

'কী খবর, লিভার? কোনো জরুরি খবর?'

আমাকে এক্ষুবি বেরোতে হবে খিদিরপুরের দিকে।

কথা শেষ ইওয়ার আগেই তিনি বসে পড়লেন গাড়িতে।
মুজিবও তাঁর সঙ্গে সঙ্গে বসলেন শকটে। নেতা নিজেই গাড়ি
চালাছেন। মুজিব বসে আছেন সারথির পাশের আসনে। গাড়ি
গিয়ে থামল থিদিরপুর ওয়ার্ডগঞ্জ শ্রমিক বন্তিতে। তাঁরা গাড়ি থেকে
নামলেন। মন্ত্রীকে গাড়ি থেকে নামতে দেখে পুরো বন্তি যেন ভেঙে
পড়ল। জনারণাের ভেতর দিয়ে লিডার ইটিছেন, সঙ্গে মুক্তিব।
একে-ওকে জিজেস করলেন লিডার, অমুক্তের ঘর কোনটাং বন্তির
জন্যােত তাঁদের ভাসিয়ে নিয়ে চলেছে। একটা জীর্ণ ঘরের সামনে
এসে তাঁরা থামলেন। জনতাকে বাইরে থাকতে বলে সোহরাওয়ার্দী
মাথা নিচু করে চুকে পড়লেন ওই পর্ণকুটিবে, পেছনে মুজিব।
মাটিতে পাতা মানুরের ওপর ভয়ে আছে একটা করাল্সার দেহ।
অতিবৃদ্ধ লোকটি কাশছে ঘন ঘন। তিনি বললেন, 'এই মুক্রবিকে
আমার গাড়িতে ভুলে দাও।'

জনতার সঙ্গে ২ত লাগালেন মুজিবও। গাড়িতে উঠে তিনি বস্তিবাসীকে বললেন, আমাকে আগে খবর দাখনি কেন তেমরা?

তারপর গাড়ি সোজা চলে এল যাদবপুর যক্ষা হাসপাতালে। হাসপাতালে ভর্তি করানো হলো বৃদ্ধকে। যন্ত্রী নির্দেশ দিলেন, 'এর চিকিৎসার যেন কোনো ফ্রাট দা হয়। যা থরচ লাগে, সব ভামি দেব।'

তিনি নিয়মিত ীকা পাঠাতেন এই বছকে।

১৯৪৩ সালের নিককার কথা। মুর্জিব একবার বসে আছেন সোহরাওয়াদী সাহেবের থিয়েটার রোডের বাসায়, শোবার ঘরে। বিছানার ওপর একটা কালো খাতা। লিডার ঘরে ছিলেন না। মুজিব আনমনেই কালো খাতাটা খুলে পাতা মেলে ধরলেন। কতন্তলো লোকের নাম আর ঠিকানা লেখা। তার পাশে একটা করে ট্যকার অন্তর্ধ। সব মিলিয়ে সাড়ে তিন হাজার টাকার মুতো।

নেতা এই বিপন মানুমগুলোকে প্রতি মাসে পেনশন দেন। এর পেছনে তাঁর মাসে সাড়ে তিন হাজার টাকা খরচ হয়। জিজ্জেদ করেছিলেন মুজিব, 'মাসে মাসে এত টাকা পেনশন কেন দিছেন।' নেতা করুণ একটা হাসি দিয়ে বলেছিলেন, 'দেশের অবস্থা তো জানো না! ও তালিকা আমার দিন দিন বড় হছে। কবে যে এদের একটা হিল্লা আমরা করতে পারব!'

মূজিবের তজামতো আসে। তিনি দেখতে পান, তাঁরা ঘাসী নৌকায় চড়ে চলেছেন পার্টির কাজে। একট মাত্র মাঝি সেই নৌকার। মূজিব তাঁকে বললেন, 'লিডার, আপনি এইডাবে হালটা সোজা ধরে থাকেন। আমি আর নৌকার মাঝি নাঁড় টানি। সময়টা বাঁচবে।' সোহরাওয়াদী সাহেব হাল ধরলেন। তারপর লিডার বললেন, 'ভূমি এবার হাল ধরো, মুজিব। আমি দেখি দাঁড় টানতে পারি কিলা।'

'ও আপনি পারবেন না, লিডার। আপনি বড় ঘরের ছেলে। কলকাতা শহরে ননি-মাখন খেয়ে বড় হয়েছেন। গাড়ি চালাতে পারবেন, কিন্তু নৌকার দাঁড় বাওয়া আপনার নরম হাতের কাজ নয়। আমরা নদীপারের ছেলে। নদীতেই বলা যায় বড় হয়েছি।'

'আরে দাও তো। কথা শোনো।'

শিভার দাঁড় ধরজেন প্রায় জোর করেই, হাল ধরলেন মজিব।

মাঝি গান ধরল, 'মাঝি বায়া যাও রে,' অকূল দরিয়ায় আমার ভাঙা নাও রে/ মাঝি বায়া যাও রে ৷'

তন্দা ভেঙে যায় মুজিনের। গান্ধীউল দুমিরে পড়েছেন। চাঁদটা আকাশের গায়ে হামাণ্ডড়ি দিয়ে উঠে পড়েছে অনেকটা ওপরে।

নাহ। এভাবে কবিতা আর আবেগের কাছে আত্মসমর্পণ করলে চলবে না। কাল ভোরে উঠতে হবে। আবার নামতে হবে মিছিলে। প্রধানমন্ত্রী লিয়াকত আলী খানের আগমনের বিরুদ্ধে মিছিলে নেতত দিতে হবে।

1

হেমন্তকাল। আমপাছের পাতা গুকিয়ে আসছে। শীতে বারবে পাতা, বসন্তে পাতা গজাবে, আসবে মুকুল। কিন্তু হেমন্তের সকালের রোদটা বড় ভালো লাগে ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমির।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের সামনের আমগাছের

একেবারে মগভালে গিয়ে বসে তারা। রোদটা যত বেশি পায়ে মেখে নেওয়া যায়।

ব্যাঙ্গমা বলে, বলো তে: শেখ মুজিবের প্রিয় কাজ কোনটা? ব্যাঙ্গমি বলে, মিছিল করা। মিছিল করতে না পারলে তার হাত-পায়ে বিধ-বেদনা ওঠে। এইবার তুমি কও তো, শেখ মুজিব কোল প্রতিভাটা নিয়া জন্মাইছে?

ব্যাঙ্গমা বলে, ১৯৪৮ খ্রিষ্টান্দের হেমন্তের বা**তানে দোল খেতে** খেতে, আহ, ভাষণটা বড় ভালো দেয় এই নও**ন্ধোয়ান**!

ব্যাসমি আমগাছের ডালে মুখ ঘহে নিয়ে বলে, আইজ থাইকা ঠিক চার বছর আগে কলকাভাম প্রাদেশিক মুদলিম লীগের কার্বিক সভা ইইতেছিল। আগের দিন সোহরাওয়াদীর বাড়িতে জনেকে মিলা ঠিক করল, আবুল হাশিম সাহেব কমিউলিউথেঁয়া, ভারে আর সাধারণ সম্পাদক রাখা চলব না। হাশিম সাহেবও স্টেটা মাইনা নিছিলেন। কিন্তু সন্ধার যখন শেষ মুজিব ভাষণ দেওয়া ওক করণ, সেই প্রথম ভার লিভার সোহরাওয়াদীর সাথে পরামর্শ না কইরাই মুজিব হাশিম সাহেবের পক্ষে ভাষণ দিতে লাগল, আর পুরা কাউদিল মুজিবের কথায় একেবারে সাপের মন্তরের মতো মোহিত হইয়া গিয়া আবুল হাশিমকেই আবার সাধারণ সম্পাদক করল, মনে আছে?

থাকন না কেন? মুজিব যখনই ভাষণ দেয়, তথনই শ্রোতারা তার কথার জাদুতে ভাইপা যায়। এইটা তো কতই দেংলাম। তবে আরও দেখবা। মুজিব আরও অনেক ভাষণ দিব। একটা ভাষণ দিব একেবারে দুনিয়া ওন্টাইনা, সেইটা আর ২২/২৩ বছর পর। আর মুজিব তার লিভার পহীদ সোরওয়াদীর কথার অবাধা হইব আরও একবার। সেইটাও আরও দেড় যুগ পরে। যখন আয়ুব থানের মার্শাল লর পর প্রথম পলিটিক্স ওপেন করব, তথন উনি নেতার নির্দেশ অমান্য কইরা আওয়ামী লীগ খুইলা বসব। সেই অবাধ্য হওয়াটাই বড় কাজের কাজ হইব।

কিন্তু এই সব বড় কাজের প্রস্তুতি তার চলতারে রোজকার মিছিল মিটিং জনসভা প্রতিবাদ আর প্রেপ্তার হওয়ার মধ্য দিয়া। থাজা নাজিম উদ্দিন গোপালগঞ্জ যাইতাহে। তার গোপালগঞ্জ। সেইখানকার এমএলএ শামসুদ্দিন আহমেদ এলাকা গরম কইরা কেলছে। মহকুমায় পোনে ছয় লক মানুষ। প্রত্যেকের চান্দা এক টাকা। পোনে ছয় লাখ টাকা চান্দা ওঠানো হইছে। কোট মসজিদ আর পাকিন্তান মিনারের লাইগা ৪০ হাজার টাকা, গাশের রাজার লাইগা ৩০ হাজার। বাকি টাকা তারা দিতে চায় জিরাহ ফালে। মজিব কী করবং

٥.

রাতের বেলা, তখন রাত ১১টা বাঙ্গে, গোপালগঞ্জের আনলতপাড়া এলাকায় তখন গভীর রাত, শীত আর কুয়াশা, কামিনী ফুলের আণ সেই কুয়াশার ওপরে ভর করে ভাসছে, কুকুর ডাকছে, শোয়ালের ডাকও শোনা যাছে নদীর ধারে শটিবন হেলেঞাবন থেকে, বিঝি রব তো প্রকৃতিরই অংশ, শেখ মুজিব তাঁদের গোপালগঞ্জের বাসায় এসে হাজির হন। দরজায় শব্দ করেন।

'কে?' নৃৎফর রহমান সাহেবের কাশি হয়েছে, কে বলতে গিয়েই কাশির গমক ওঠে। 'আকা, আমি খোকা।'

লুৎফর রহমান লুঙ্গিতে গিঁট বাঁধতে বাঁধতে বিছানা ছাড়েন। টেবিলের ওপরে রাখা লণ্ঠনটার নব চুরিয়ে আলো বাড়ান। চিমনিতে কালো দাণ পড়েছে। কয়েকটা পোকা চিমনির পাশে উড়ছে, একটা মড়া পোকা টেনে নিয়ে বাজে পিশভার দল।

তিনি কনাটের খিল খোলেন। যাতে হারিকেন। হারিকেনের আলোর হেলের মুখটা দেখে তাঁর বুকে এক ধরনের প্রশান্তি অনুভূত হয়। পরক্ষণেই একটা দুশ্চিন্তাও তাঁর মনে ঝিলিক দিয়ে যায়। করাচি থেকে খাজা নাজিম উদ্দিন আগছেন, ছেলে না আবার কোনো ঝামেলা করে বসে। তিনি আদানতের কর্মচারী; সরকার বাহাদুরের সূর্বোচ্চ কর্তার সঙ্গে ঝামেলায় জড়ানোর সাহস তো তাঁর বুকে আসে না।

'এত রাতে? কোথেকে?'

'শামসৃদ্দিন এমএলএর বাড়ি থেকে।'

হঠাৎ আসলা? খবর দিয়া আসলা না?' লুৎফর রহমান থাকারি দিয়ে গলা পরিষ্কার করে নিয়ে বলেন।

'খবর তো পাইতেছেনই। ছয় লক্ষ টাকা চাঁদা তুপছে। গোণালগঞ্জের গরিব মানুষের টাকা। এই টাকা নাকি অরা জিলাহ রিলিফ ফান্ডে দিবে। তারই প্রতিবাদ করতে আসন্থি।

'হাতমুখ ধোও। ভাত খাও। জয়নালরে বলি ভাত রামতে।'

'না, এত রাতে আর জয়নালরে কট দেওয়ার দরকার নাই। আমি খাইয়া আসছি। আপনি ঘুমায়া পড়েন। বড় কাশি হইছে দেখছি। ডাওার দেখাইছেন?'

'না, কাশির আবার ডাক্তার কী! তুলসীপাতার রস খাইতাছি। সেরে যাবে নে।

মুজিব আলনা থেকে নিজের লুপি-পেঞ্চি নিয়ে কাপড় পাল্টালেন। পুকুরপাড়ে গিয়ে পানি তৃলে হাতমুখ ধুলেন। তারপর শুয়ে পড়লেন।

কিন্তু তাঁর ঘুম আগছে না। ছটফট লাগছে , আজকে শামসুদ্দিন আহমেদের বাসায় অভার্থনা কমিটির মিটিং ছিল : সেখানে তিনি হাজির হয়েছিলেন। তিনি বলেন, 'এই যে পোনে ছয় লাখ টাকা চানা উঠল, এটা বাংলার গরিব মানুষের মংখার ঘাম পারে ফেলাটাকা। এই টাকা কেন আমরা করাচিতে পাঠাবং ওরা আমাদেরকে নতুন কলোনি বানিয়েছে। কথায় কথার শোষণ করছে। আজ বাংলাগুড়ে দুর্ভিক্ষের পদধ্বনি। মানুষ না খেরো আছে। আর আমরাটাকা বায় করাই খজা নাজিম উদ্দিনের সংবর্ধনার! টাকা পাঠাছি জিলাহ ফাডে! আজকৈ গোপালগজে কোনো কলেজ নাই। এই টাকার আমরা কলেজ নাই। এই

ভার কথা শেষ হওয়ার আপেই অনেকেই 'কারে থামো মজিবর। তুমি খালি লেকচার দেও', 'স্যার খাজা সাহেব' আসতেহেন আমাদের গোপালগঙ্গে, এ ভো আমাদের সৌভাগ্য' ইত্যাদি বলে ভাকে বসিয়ে দেন

বসিমে দিলেই বসে যাওয়ার পাত্র তো মুজিব নন ডিলি জানেন এর বিহিত কী করে করতে হবে। তার পক্ষে আছে মানুষ। গোপালগজের মানুষ। কাল সকলে থেকেই কান্ত শুরু করতে হবে। মানুষকে সংগঠিত করতে হবে।

আটাশের যুবক মুক্তির এরই মধ্যে পোপালগঞ্জে তুমুল জনপ্রিয়া এখানে তিনি বহুদিন পড়েছেন মিশনরি স্কুলে, যুক্ত থেকেছেন এলাকাবাসীং ভলো-মন্দের নানা চডাই-উত্যাইয়ের সঙ্গে। শ্বুল ফুটবন টিমের ক্যান্টেন ছিলেন তিনি ওধ হে গোপালগঙ্গে খেলেছেন ভা নয়, হায়ারে খেলতে এদিক ওটিকও গেছেন। একবার তাঁর ফুটবল খেলতে গেলেন পাইককান্দি ইউনিয়নের ঘোরদাইড়ে। গোপালগঞ্জ থেকে খেয়া নৌকায় করে যেতে হয়। খেলায় জিওল মুজিবদে**র দল। খেলা শেষে য**খন **খেয়া** নৌকায় উঠলেন, ভতক্ষণে সন্ধ্যা নেমে এ**নে**ছে চরাচরে। মাগরিবের নামাজ শেষ ২য়েছে মুসজিদে। **আকাশে** আ**লো**র আন্তা আছে একটুখানি। হঠাৎ শুরু হলো ধুলিঝড়। **স্বঙ্জির** তখন নৌকার হাল ধরে আছেন। তাঁর সঙ্গে আমিন মামাসহ আরও কয়েকজন। প্রচণ্ড বাতাদে নৌকা বাঁক নিতে চাইছে। তিনি দুই হাতে শভ করে ধরে আছেন হাল। এই অবসরে চোথ থেকে উড়ে গেল তার চশুমা । তিনি চশুমা ছাড়া প্রায় কিছুই দেখেন না। তিনি চিৎকার করে উঠলেন, ও মামা, হান ধরো, আমার সশমা পড়ে গেছে: আমি কিছুই দেখি না। আমিন সামা হাল ধংলেন। স্বাই মিলে চশমা খুঁজতে লাগল নৌকার পাটাতনে। নাহ, পাঁওয়া গেল না। ওটা নদীর ফলেই তলিয়ে গেছে কোথাও। নৌকা অপর পাড়ের যাটে ভিড়ল। কিন্তু তিনি হাঁটবেন কী করে। অন্ধকারে চোথে তো কিছই দেখছেন না ্রেষে হরিদাসপুর ডাকবাংলায় রাত কটোল কিশোর ফুটবলারের দ্ল।

এলাকার সাম্প্রদায়িক দাঙ্গা লাগলৈ 'ছিন্দু-মুসনিম ভাই ভাই' বলে স্লোগান দিয়ে এগিয়ে গেছেন সেছ্যাসেবক দল নিম্নে। গবিব ছাত্রদের সাহায্য করার জন্য টুভেন্ট ইউনিয়ন গড়ে ভূলে মুষ্টিভিক্ষা করে তহবিল জোগাড় করেছেন; আবার মুসনিম গীলের সম্মেলনে নিজের শক্তি প্রয়োগের হখন দরকার হয়েছে, তখন বিপুল কর্মীর সমাবেশ ঘটিয়ে সেটা করেও দেখিয়েছেন।

গত রাতেই মিছিল বের করেছেন, 'নাজিম উদ্দিন ফিরে যাও'। এলাকার কর্মীদের মধ্যে দায়িত্ব ভূপা করে দিয়েছেন পাড়ায় পাড়ায় থবর দেওয়ার জন্য। আগামীকাল কয়েক হাজার মানুষের বিক্ষোভ মিছিল বের করতে হবে। মুজিবুর ভাক দিয়েছেন, এলাকার টকো এলাকার উন্নয়নে খব্রু করতে হবে। স্বাই যেন্ মিছিলে আন্ত

খাজা ন'জিম উদ্দিন আসংছেন নদীপথে। আর পি সাহার ছিনবোটে আসবেন তিনি। এদিকে শহরের পরিস্থিতি খারাপ। হাজার হাজার লোকের মিছিল প্রদক্ষিণ করছে শহর। সবার মুখে এক প্রোগান। 'নাজিম উদ্দিন ফিরে যাও'। সারদিক থেকে আরও মিছিল আসচে।

প্রিনবোট যে ঘাটে ভিড়বে, সেই এলাকাটা খিরে রেখেছে পুলিশ । মিছিল সেই কর্ডন ভাঙার জন্য এগিয়ে যাস্থে। পুলিশও বাশি বাজিয়ে লাঠি উচিয়ে ভেড়ে আসহে : হাজার হজার মানুষ। পুলিশের সাধ্য কী এই জনগ্রোত রুখে দের! প্রিনবোটে খাজা নাজিম উদ্দিন। আর নদীর ঘাটে মানুষের মিছিল আর স্লোগান। আর ধাওয়া-পাল্টাধাওয়া।

খাজা নাজিম উদ্দিন বোটে থেকেই টেং পেলেন একটা কিছু অংটন ঘটছে। তিনি জানতে চাইলেন পুলিশের কাছে, 'হোয়াটস স্থাপেনিং দেয়ার।'

'দে আর হেয়'র টু ওয়েলকাম ইউ, স্যাং≾ :'

'দেন হোয়াই আর দে খ্রোয়িং ষ্টোনন অ্যাট দ্য পুলিশ ফোর্সং' 'দেয়র আর সাম মিসক্রিয়ান্টস, স্যার।'

খন্দকার শামসুদিন বললেন্ 'শেখ মুজিবর ইজ ক্রিয়েটিং ডিস্টারবেদ, স্যার। দ্য ফলোয়ার অব সোহরাওয়ার্লী, দি এজেন্ট অব ইডিয়া।'

৫৬ বছর বয়সী শেরওয়ানি পরা খাজা নাজিম উদ্দিন বোটের।
তেকে বসেছিলেন হাওয়া খেতে। তিনি তাঁর বাটারফ্লাই গোঁফটা
নাড়তে গাগলেন। শেখ মুজিবকে তিনি চেনেন। হাঁয়, খুবই
একরেখো তংংকর ধরনের ছাত্রনেতা। তবে মুস্পনিম লীগেরই
কমী। 'দড়কে শেকে পাকিস্তান' বলে মোপান তো সেদিনত দিয়েছে। কিছুদিন আগেই তাঁকে কারাগার থেকে ছাড়া হয়েছে,
যথন তিনি পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী ছিলেন।

থাজার জন্ম আছছান মঞ্জিলে। তিনি বিলেতে লেখাপড়া করেছেন, আলীগড় বিশ্ববিদ্যালয়েও পড়েছেন 'নাইটছড' পেরেছেন ইংরেজপ্রাঞ্জের কাছ থেকে। অবিভক্ত ব'ংলায় স্বরাষ্ট্রপ্রপ্রী, শিক্ষামন্ত্রী মায় মুখ্যমন্ত্রী পর্যন্ত ইংরেছিলেন কিন্তু লোকে তাঁকে সরল-সোজা মানুব বলেই জানত। আবুল হার্শিম তাঁর সম্বন্ধে বলেইন, তিনি এতই সঙ্গল যে শেটাকে বলা যায় একেবারেই বেকা। মুসলিম লীগ সরকার যখন জমিগারি প্রথা উচ্ছেদের কথা কাছিলে, তখন তিনি দিনাজপুরের ভূস্বামীদের এক সভায় বলেছিলে, 'তাপনাদের ভয় পাওয়ার কিছু নাই। ক্লুমার্ত কুকুরকে যাড়গোড় কিছু ছড়িয়ে-ছিটিয়ে দিতে হয়, নাহলে তারা পুরো মাঙ্গুমার্টি নিবে মানে; ফ্রাট্টের দিতে হয়, নাহলে তারা পুরো মাঙ্গুমার্টি নিবে মানে; ফ্রাট্টের দিতে হয়, নাহলে তারা গুরা মাঙ্গুমার্টি নিবে মানে; ফ্রাট্টের দিতে বিশ্বতিন কাজত কেমনি।' খালা জীবনে তোনে নির্বাচনে জন্ত্রী হননি। চলতেন শিক্ষামন্ত্রী ফজলুর রহমানের বৃদ্ধিতে।

খালা বলদেন, 'শেখ মুজিবকৈ ভাকে; ওকে আমার কাছে আসতে বলো। ও কেন বিক্ষোভ করছে, আমাকে বলুক: আলোচনার মাধ্যমেই হব সমস্যার সমাধান সঙ্গব :'

শেখ মুজিব কয়েকজন কথী নিয়ে উঠলেন ৰোটে । বৈঠকে মুখোমুখি হলেন খাজার।

খাজা বললেন, 'কেন তেমেরা বিক্ষোভ করছো? কারণ কী?'

মুজিব বললেন, 'আপনি জানেন না এই এল কার মানুষ কত গরিব। এই গরিব মানুষদের কাছ থেকে নাখ লাখ লাকা চাঁদা তোলা ২রেছে। সেই টাকা দেওয়া হবে জিয়া২ ফাভে। অথচ এলাকায় একটা কলেজ নাই। এই গরিবের রক্তটোষা টাকা জিয়াহ কান্ডে জমা পড়লে কি কায়েদে অযুমের সম্মান বাড়বে? নাকি একটা এলকায় একটা কলেজ হলে তাঁর সম্মান বিদ্ধি পারেহ'

খাজা বললেন, 'আছো, আমি এই এলাকাই একটা কলেজ প্রতিষ্ঠার ঘোষণা দেব কালকের সভার কান্তেপে আযম মেমোরিয়া**ন কলে**জ। ভার মেই কলেজের ফান্ডে থাকি টাকা রেখে দেওয়া হবে।'

'থ্যাংব ইউ' বলে মন্ধিব বেরিয়ে এলেন তাঁর কর্মীদের নিয়ে

লুংফর রহমান বললেন, 'গোপালগঞ্জ এসেছ। টুপিপাড়া যাবা না?' 'এইবার আব যাই না! গোপালগঞ্জ থেকে যেতে বেশি সময় লাগে। এর চেয়ে তাকা থেকে যেতেই সময় লাগে কম। আব চাকায় অনৈক কাজ, অব্বা।'

'নী কজ করতেছং ওকালতিটা পড়তে বলছিলাম। পড়তিছং' 'ভর্তি তো হইছি ঢাকা ইউনিভার্সিটি। এলএলবি পড়তিছি। সেকেন্ড ইয়ার। দেখি।'

'সাবধনে থহিকো, থোকা। তোমারে নিয়া সং সময় দুশ্চিন্তা করি: পুলিশ তো তোমার পিছনে লেইপে আছে। আবার করে জানি আাথেস্ট হও।'

্লিশের মানুষের ভালো থাকার জন্য কাউরে কাউরে কষ্ট

করতে হয়, আবা। অন্যায় হইলে প্রতিবাদ না করলে সেইটাও অন্যায়। অন্যায় যে করে অন্যায় যে শহে তব ঘূণা ভাবে যেন তৃণ সম দহে। রাতের বেলা ভাত খেতে থেতে পিতাপুত্র কথা বলেন। ভাঁদের সঙ্গে আরও কয়েকজন কর্মী থেতে বসেছেন। তাঁরা মুজিবের মুখের দিকে তাকিয়ে থাকেন খাওয়া ভূলে। হ্যারিকেনের আলোয় তারা দেখতে পান, গোপানগঞ্জের চরের লেঠেলদের কাঠিন্য আর পলিমাটির নরম প্লেবতা একই সনে এই যুবকের মুখে

লুৎফর রহমান বলেন, 'থোকা। চিরটা কাল আদালতে সেরেস্তানরের চাকরি করতিছি। স্বশ্ন দেখি তুমি জজ-ব্যারিস্টার হবা। ম্যাজিস্টেট-এসডিও হবা। অন্তত তালো উকিল হলিও তো খোকা তোমার আব্বার মুখটা উচ হয়।'

রহমত সরদার, গৌপালগঞ্জের সরদারপাড়ার ২৩ বছরের
যুবক, বছদিন যেকেই মুজিবের সংগঠনের কর্মী এক লোকমা ভাত
মুবে পূরে চিবোতে চিবোতে বলেন, 'চাচা, আপনে চিন্তা কইরেন
না। খোকা ভাইরে দেখে আদতিছি সেই ছোটবেলা থন। খোকা
ভাইরের নিজের স্বাদ-স্বপ্ন সব আল্লাহ পুরা করে, আপনেরটেও
করবা নে। কী কও, খোকা ভাই? আপনের মনে আছে না, রফিক
সিনেমা হলের সামনের দোভলার বইলে আপনেরে আমি কী
বলছিলাম? বুঝালন নাকি চাচা, খোকা ভাই তখন কলভাতা খেইকে মাঝেমইখ্যে আসেন, এই প্রত্যেক মাসের কৃতি বাইশ
ভারিখে গোপালগঞ্জ আসতেন। আমানের আদি প্রকশ মুকস্দপ্রের সানাম খানের প্রত্যেক মিটিং বত্ত হতো। একবার
নিমাভালা স্কুল মাঠে খোকা ভাই মিটিং দিয়েছেন। সব মিলে লোক
হলো ১৭ জন। পথে আসার সময় আমি কলাম, মিয়াভাই, এত কম
লোকের মিটিং কইরে কী লাভং দিনটাই মাটি! খোকা ভাই, সেদিন
কী কছিলেন মনে আছে?

মুজিব রহমত সরদারের দিকে ভাকালেন। তাঁর মনে আছে।
রহমত সরদার বলেন, 'খোকা ভাই সেই দিন বলেছিলেন,
বুঝলেন চাচা, হতাশ হয়ো না। দেখবা আমার মিটিংয়ে একদিন
লক্ষ লক্ষ লোক হবি নে! তো আইজকে দেখেন। হাজার হাজার
মানুব খোকা ভাইয়ের পিছনে মিছিল করতিছে। পঁরতান্তিশ সালে
সোহরাওয়াদী সাহেব যেদিন এলেন, সেই মিটিংয়েও তো লক্ষ
লোক হয়োছল। নাকি হয়ান? তো, আপনার খোকা জজ-ব্যারিস্টার
কেন, তার চেয়ে বড় বৈ ছোট কিছু হবে না নে। ব্যারিস্টার তো
জিল্লাহ, ফজলুল হক, সোহরাওয়াদী সাহেব সবাই। তারা তো
আবার মন্ত্রী-মিনিস্টারও হয়েছেন। আমাদের খেকা ভাইও হবি।

মুজিব একটু যেন লক্ষিত হন। মন্ত্রী হওয়ার জন্য তিনি আন্দোলন করছেন না। তিনি আন্দোলন করেন দ্বশ্রুমের হাত থেকে দেশের মান্যকে বাঁচাকেন বলে। জন্মের পর থেকেই দেখে **আসছেন, দেশ পরাধীন :** পরাধীন দেশকে মণ্ড করতে **হবে, ভার**ু গৃহশিক্ষক স্বদেশি আন্দোলন করতে গিয়ে জেল থেটে আদা হামিদ মান্টার তাঁকে তনিয়েছেন তিতুমীর, সূর্যসেন, কুদিরামের কাহিনি; মানুষের মুক্তির জন্য, দেশকে মুক্ত করার জন্য এসব বীর কীভাবে নিজের প্রাণ উৎসর্গ করেছেন। গোপালগঞ্জ মিশন স্কলে পড়ার সময়ে কলকাতার নেতাজি সুভাষ বস্ হলওয়েল মনুমেন্ট অপসারণের দাবি জানান। তিনি সময়সীমা বেঁধে দেন ১৯৪০ সালের ৩ জুলাইয়ের মধ্যেই ওই মনুমেন্ট সরাতে হবে। শেখ मुख्यि खानाव छिष्टा करतम, रमध्याम मनुस्मनित्री की। कनकाखा থেকে খবরের কাগজ আসে এক দিন পর, কখনো দই দিন পর, তা-ই পড়ে পড়ে তিনি কিছ্টা বুঝতে পারেন ব্যাপারটা। নবাব সিরাজউদ্দৌলা ১৭৫৬ সালে নাকি কিছুসংখ্যক ইংরেজ বন্দীকে একটা ক্ষুদ্র ককে খাটকে বেখেছিলেন, যাতে ভারা মারা যায় श्वामत्त्रार्थत् करन । ७३ रेमनिकस्पत्न मन्यारन इलङस्यल मनुस्यन् স্থাপন করা ছিল কলকাতার ডালহৌসি স্কয়ারে। ওই মনুমেন্ট হলো পরাধীনতার চিহ্ন, ওটা সরাতে হবে—সুভাষ বস্ ১৯৪০-এ ঢাকায় এলে ঢাকাবাসী নেতাজিকে বলল সেই কথা। নেতাজি বললেন, 'ঠিক আছে, ওই মনুমেন্ট সরালোর ভাক আমি দেব।' ভাক দিয়েছিলেন নেতাজি। বলেছিলেন, 'নির'জউদৌলা স্বা**তি দিবস ও जुलांदे**ररात मध्या दलखराल मनुराम्छ नारमत कलकं कि व्यक्तिक হবে। না হলে ৩ জুলাই আমার বাহিনীর অভিযানে নেতৃত্ব দেব আমি।' ২ জুলাই নেতাজিকে গ্রেপ্তার করা হয়। সারা বাংলায় সেই আন্দোলন ছড়িয়ে পড়ে। গোপালগঞ্জেও এসে লাগে তার ঢেউ। স্কুলছাত্র মুজিবও যোগ দেন মিছিলে। 'হলওয়েন মনুমেন্ট, সরাতে হবে, সরাতে হবে', 'ভেঙে দাও ওঁড়িয়ে দাও, ফাওয়েল মনুমেন্ট',



কেন ভোমরা বিক্ষোভ করছো? কারণ কী?

'নুভাষ বসুর মুক্তি চাই।' মুখ্যমন্ত্রী এ কে ফজনুল হক বললেন,
'আমি সুভাষকে ভালোবাসি। শ্রদ্ধা করি। আমরা সবাই তার
অনুরক্ত। এ দেশের রাজনীতিতে তিনিই সবচেয়ে জনপ্রিয়। গুধু
কংগ্রেস কিছু বলল লা।' অথস সূভাষ বসু পর পর দু বছর সভাগতি
ছিলেন কংগ্রেসের। কিন্তু হিন্দু, মুসলিম, বাঙালি এক হয়ে পেল
সূভাষের মুক্তির প্রশ্নে। ওই গোপালগঞ্জেও রব উঠল: হিন্দুমুসলিম ঐক্য, জিন্দাবাদ। সুভাষ বসু, জিন্দাবাদ।

সুভাব বসু তথনই টানতে থাকেন মুজিবকে। এই নেতার সঙ্গে তাঁর দেখা করতে হবে। তাঁকে জানাতে হবে, তিনি চান ইংরেজদের তাড়াতে। সূভাধ বসু কারাগারে অসুস্থ হয়ে পড়লে প্রথমে মেডিকেল কলেজ হাসপাতালে রাখা হয়। এই সুযোগ। মুজিব চলে যাবেন কলকাতায়, সোজা মেডিকেল কলেজ হাসপাতালে। দেখা করবেন নেতাজির সঙ্গে। নেতাজির থবর রোজ বেরোছে পত্রিকায়। ক্রাস নাইনের ছাত্র মুজিব দেসব পড়েন আর চূড়ান্ত করে ফেলেন তাঁর পরিকল্পনা। উঠে পড়েন গোয়ালন্দের স্থিমারে। গোয়ালন্দ দিয়ে ট্রেনে উঠে সোজা কলকাতা। সারা রাভ ট্রেন চলল, সকালবেলা পিয়ে পৌছাল শেয়ালদা স্টেশনে। মুজিব ট্রেন থেকে নেমে খুজে-পেতে হাজিব হলেন মেডিক্যাল কলেজ হাসপাতালে। ততক্ষণে দণটা বেজে গেছে।

পুলিশ কর্মকর্তা অজয়কুমার বসু তখন সুভাষ বসুকে প্রহরাধীন ও নিরাপদ রাখার দায়িত্বে নিয়োজিত ছিলেন। তাঁর কাছে একটা আবেদনপত্র পাঠাতে হবে : মুজিব কার্গজপত্র জোগাও করে দরখান্ত লিখলেন : আই হ্যান্ড কাম ক্রম গোপালগঞ্জ টু মিট নেঞাজি। প্রিজ, অ্যালাউ মি টু মিট হিম।

হাসপাতালের বিড় সিড়ির দক্ষিণ পাশে অজয়কুমার দে ছাত্রটির সঙ্গে দেখা করেন। ছেলেটির চোখে চশমা। পরিধানে সাধারণ প্যান্ট-শার্ট। (অজয়কুমার দের মনে হয়েছিল, ছেলেটির বয়স ১৬-১৭, যা তিনি পরে *ভাউন ফেডিং মেমোরি লেইন* প্রন্থে লিখবেন। আসলে তো মুজিবের বয়ল তখন ছিল ২০)

'তোমার নাম কী?' পুলিশ কর্মকর্তা জিজ্জেস করলেন। 'শেখ মৃজিবুর রহমান।'

'তুমি কোন ক্লানে পড়ো?'

'ক্লাস Ⅱ-এ।' (তখন নাইনকে ক্লাস Ⅱ বলা হতো)

'তুমি কেন শ্রীবসুর সঙ্গে দেখা করতে চাও?'

'আমি নেতাজির ভক্ত। তিনি মহান ভারতীয় নেতা। তিনি মানুষের সঙ্গে মানুষের কোনো ভেদাভেদ করেন নাঃ'

'আচ্ছা। খুব ভাগো কথা। তিনি তো ভারতবর্ষে স্বরাজ চান। ভূমিও কি চাও?'

'হাা। আমিও চাই ভারতবর্ষ শাসন করবে ভারতীয়রাই।' 'তা করতে হলে তো সংগঠন করতে হবে। তুমিও নিচয়ই সংগঠন করো।'

'আমি মুসলিম ক্টুডেন্ট লীগ করি ৷'

'কিন্তু তুমি তো নেতাজির ভক্ত। নেতাজির সংগঠন করো নাং

'না, আমি নেতাজির সংগঠন করি না।'

'করো নিশ্চয়ই। আমি জানি, নেডাজির সংগঠন করলে সেটা কাউকে বলতে হয় না। আমাকে বলতে পারো। কারণ আমিও নেতাজিরই লোক। আমাকে বলতে কোনো অসুবিধা নাই।'

'না, আমি মুসলিম ইুডেন্ট লীগই করি। নেভাঞ্জির সংগঠন করি না। কিন্তু তাকে শ্রন্ধা করি।'

'ডুমি কেন সত্য গোপন করছো। নেতাজির গোপন সংগঠনগুলোর খবর আমিই রাখি। তুমি আমাকে বলো। তুমি ফরোযার্ড বক করো ।'

যুজিব বুঝতে পারলেন, এই ভদ্রলোক আসলে গুলিশের লোক। এই অল বয়সেই কারাপার থেকে ঘুরে আসা মৃদ্ধির এদের। সম্পর্কে যথেষ্টই ওয়াকিবহাল : আর তা ছান্তা সত্যি তো মজিব নেতাজির সংগঠন করতেন নাঃ কিন্তু মুসলিম-হিন্দু নির্বিশেষে সবাই তখন ৬৫- ছিল নেতাজির: ঢাকা থেকেই তো প্রথম হলওয়েল মনুমেন্ট অপসারণের ভাক আসে। ইসলামিয়া কলেজের ছেলেরাই নেত'জিকে গ্রেপ্তারের বিঞ্চন্ধে সবচেয়ে বেশি সেচ্চার ও সক্রিয় ছিল: তারা ধর্মঘট আর বিক্ষোভ করতে থাকলে পুলিশ ভাদের ওপরে চড়াও ২য়। লাঠিচার্জ করে। তথন তারা মখ্যমন্ত্রী ফর্জলুল হকের বিরুদ্ধে স্লোপান দিতে শুরু করে। বৈকার, কারমাইকেল আর ইলিয়ট হোস্টেলের ছেলেরা অশাভ হয়ে উঠলে সন্ধ্যায় মুখ্যমন্ত্রী ফজলুন হক আর স্বরাষ্ট্রমন্ত্রী খাজা নাজিম উদ্দিন হেস্টেলে চলে যান : খাঁজা ছিলেন ভীতু ধরনের মানুষ : গাড়ি থেকে নামেননি : ফজলুল হক গাড়ি থেকে নেমে হোস্টেলের দিকে যাত্রা শুরু করলে ছেলেরা তার গায়ে এক বালতি পানি চে**লে দে**য় ওপর থেকে। বাতি নিভিয়ে দেয়। তা স**ত্তেও ফজবৃদ হক ভেজা কাপড়ে** ছেলেদের কাছে যান: এবং ছেলেদের কথা দেন, **হলও**য়েল মনুমেন্ট তিনি অপসারণ করবেন : হাক্রদের ওপর লাঠি চালানো মানৈ আমার নিজের বুকেই লাঠির ঘা বসানো। তোমরা আমার নিজের হেলেরই মতো।" ফজলুল হক কথা রেখেছিলেন। সেই রাতের অন্ধকারেই মনুমেন্টটা অপ্সাবেশের ব্যবস্থা করেছিলেন।

'ন', অ'মি ফরোয়ার্ড ব্লক করি না আমি মুসলিম স্টুডেন্ট লীগই

পুলিশকর্তা বুঝলেন, ছেলেটা আসলেই কোনো সদ্রাসবাদী সংগঠনের সঙ্গে জড়িত নয় : তবে সব খবর রাখে। খুব বড় উচ্চ আনর্শ ধারণ করে আছে এই ছেলেটা ভার ভরুণ হৃদয়ের মধ্যে ৷

'ভোমার আদর্শবাদিতা আমার প**ছদ হরেছে। তোমার মতো** ছেলে আজকের দিনে সভি্য বিরল। তুমি দেশে ফিরে যাও। লেখাপড়া শেষ করে:। নেতাজির সঙ্গে কারও দেখা করার নিয়ম নেই। থাকলে আমি অবশ্যই তোমার সঙ্গে তাঁকে দেখা করিয়ে

মুর্জিব পেদিন চলে এসেছিলেন। কিন্তু খেড়ে দেওয়ার পাত্র তো তিনি নন। তিনি জীবনে যা ক্ষরতেন বলে মনস্থ করেছেন, ভা ক্রিনি করেই ছেভেছেন :

কলকাতা তিনি প্রায়ই যাতায়া**ত করতে লাগলেন।** এ**কদিন** গেলেন মুখ্যমন্ত্রী এ কে ফজলুল হকের কাছে। **তাঁ**র বন্ধ প্রাণতে:ষের বাবা অকালে মৃত্যুবরণ **করেছেন** বিধরা মা আর প্রাণতোম ছাড়া তাঁদের সংস্থার কেউ নেই। প্রাণতোমের মা তাঁকে ধরলেন, 'বাবা, তুমি তো মুসলিম লীগ করো, ফজনুল হক সাহেবের সঙ্গে তে।মার তো পরিচয় আছে। ৩মি না ওনার সাথে ডাকবাংলোয় দেখা করেছ। ভুমি না ফরিদপুর জেলা মুসলিম ছাত্রলীপের সংস্ভাপতি। প্রাণের একটা চাকরির ব্যবস্থা তুমিই কইরে দিতে পারো, রাবা।' প্রাণতোষ আর তাঁর বিধবা মাকে নিয়ে। মুজিবকে যেতে হয়েছিল কলকাতায়। দেখা করতে হয়েছিল ফজনুল হকের সঙ্গে, তাঁর ঋষ্টতলার বন্দায়। পুলিশ কর্মকর্তা অজ্যুকুমার দের সঙ্গে অংবার দেখা তাঁর। তিনি ধললেন, 'তোমাকে পরিচিত মনে হঞ্ছে? কী যেন নাম তোমার?'

'শেখ মজিবর রহমান।'

'কোথায় যেন বাড়ি তোমার, প্**ন্যার ওই পারে**?'

'গোপালগঞ্জ।'

'হাা. হাা : কেন এসেছিলে?'

'এই যে আমার বন্ধ প্রাণতোধের বাবা মারা গেছেন। বিধবা মাকে নিয়ে ও বড় কটে আছে ওর একটা চাকরির ব্যবস্থা করতে...

'কী বললেন চিফ মিনিস্টার।'

সাথে সাথে ফোন করলেন ইলেদ্রিক সাগ্রাই অফিসে। হয়ে যাবে একটা হিল্পে। এখন যাছি ওবানে।

তো, সেবার প্রাণতোষকে নিয়েই ব্যন্ততা গেল। পরের বার ইটা পরের বার, নেতাজি সুভাষচক বসুব ৩৮/২ এলগিন রেভের বাড়িং সামনে মুজিব ধোরাখুরি করতে লাগলেন। নেতাজি তখন হাসপাতাল থেকে ছাড়া পেয়ে এই বাড়িতে গৃহবন্দী। ফাঁক খুঁজতে লাগনেন, নজন্বদান্তিতে একটু শিথিলতা নিচয়ই হবে। ধাবা. ফেরিওয়ানারা তো বাড়িতে যাচ্ছে আসছে। এক ফাঁকে মুজিব ৮কে গেলেন বাড়ির ভেতরে : আরও দর্শনার্থী ছিল ভবন ওই ঘরে - কং। তেখন হয়নি।

'আমি অপনার আদর্শের একজন ভক্ত, আপনার সঙ্গে দেখা করতে গোপালগঞ্জ থেকে এসেছি। গোপালগঞ্জ স্কলে পড়ি। আপনার আগর্শের সঙ্গে একাত্মতা জানাতে এসেছি ৷ মজিব

নেতাজি বলেছিলেন, 'তোমার মতো তরুণেরাই তে দেশের আশা। তুমি চলে যাও। পলিশ দেখে ফেললে তোমাকে অযথা আ্রেস্ট করবে। হয়রানি করবে।

'আর্শির্বাদ করবেন। নমস্কার।' মুক্তিব বেরিয়ে এলেন :

তখনই অবোর নজরে পড়ে পেলেন অজয়কুমার দের। পুলিশের কাজই সন্দেহ করা। শেখ মুজিবকে অনুসর্গ করে অজয় দে পোষ্ট অফিস পর্যন্ত গেলেন : তাঁকে বনলেন : শেখ মজিবর রহমান নাং"

'Gri

'নেডজির স**ঙ্গে সাক্ষাৎ** হয়েছে?'

'**হাা। এটা আমার একটা স্বপ্ন ছিল, আমি একবার নেতাজিকে কাৰ্ছ থেকে দেখ**ব সাক্ষাৎ হয়েছে i'

'কে**ন সাঞ্চাৎ করলে** বলো তো?'

'আমি তাঁর রাজ**নৈতিক আ**দর্শের সঙ্গে স্প্রিডারিটি প্রকাশ করলাম: সহজভাবে বললেন মুজিব। পুলিশকর্তা অঙ্যুকুমার দেও সহজতাবেই নিলেন বলে মনে হলো। তিনি আর কিছু বললৈন ন'। মুজিবও বিদায় নিলেন।

সত্যি, বড় আদ**র্শই ম**জিবকে টেনে এনেতে রাজনীতিতো ৷ জজ-ব্যারিস্টার মন্ত্রী-মিনিস্টার হওয়ার উদ্দেশ্যে তিনি রাজনীতি

করছেন ন।

রাতের খাওয়া সারা হয়ে গেলে কর্মীদের বিদায় নিলেন মুজিব : সবহি খার যার বাড়িতে, হোস্টেলে চলে গেল খুঞ্জিব আর লুংফর রহমান বাজি নিভিয়ে খয়ে পড়লেন

পরের দিন গোপাল্গন্ধ টাউন মাঠে খাজা নাজিম উদ্দিনের জনসভা। পাকিস্তান মিনার উল্লোধন শেষে এই জনসভায় তিনি বক্তুতা করতে ওঠেন: তিনি ঘোষণা নেন, 'এই মহকুমা শহরে একটা কলেজ শ্রতিষ্ঠা করা হবে। কলেজের নাম হবে "কায়েদে আমাস কেনোরিয়াল কলেজ"। এই কলেজের সাতে আমি আপনাদের চাঁদার দুই লাখ টাকা তহবিল এখন খেকেই জমা করে গে**লাম** বাকি খরচ **এড়েকে**শন ডিপার্টমেন্ট থেকে দেওয়া হবে।'

কায়েদে আযম জিলাবাদ', 'থাজা নাজিম জিলাবাদ' ফ্রোগান আ*সতে* থাকে **মঞ্জ খেকে** ৷

জনতাও সেই জিন্দাবা**দ-ধ্বনি**র সঙ্গে কণ্ঠ মেলায় <u>৷</u> অসিরেই সেই ফ্রেগান 'শেখ মজিবর জিলাবান' ধ্বনিতে রূপান্তরিত ২য়ে যায়।

8.

ব্যাঙ্গমা বলে, সুইজন আলাদা আলাদ্ভাবে কাজ কইরা চলছে। ব্যাঙ্গমি বলে, আমি জানি দুইজন কে?

ব্যাহ্নমা বলে, কও তো কে?

ব্যাঙ্গমি বণে, তুমি কও :

ব্যাঙ্গমা বলে, শেশ মুজিব আর তাজউদ্দীন। শেখ মুজিব পাকিস্তান হওয়ার প্রথম দিন ধাইকাই জানেন, এই স্বাধীনতা **ষাধীনতা না। আেনেকটা স্বা**ধীনতার জন্য তাঁর লড়াই ওরু হইল <u>শাব্র। বেকার হোক্টেলে</u> ছত্রেকর্মীদের ডাইকা তিনি এই কথা ব**ল্ছিলেন। আর জনেক পরে, একই কথা কইবেন জন্মদা**শংকর রায় নামের এক বিখ্যাত শেখককে। তত দিনে বাংলা স্বাধীন হইয়া গেছে। শেখ সাধ্যে তথন বাংলাদেশের প্রধানমন্ত্রী। অরদাশংগ্র রায় জিগাইলেন তাঁরে, বিংলাদেশের আইডিয়টো প্রথম করে অপেনার মাথায় এলং'

'ভনবেন?' মুচকি হাসি দিয়া শেখ মুক্তিব কইলেন, 'সেই ১৯৪৭ সালে। তথ্য অথি সোহরাওয়দী সাহেবের দলে। তিনি আর শর্ক্তব্দ বসু চান সুক্রবন্ধ। দিলি থেকে খাদি হাতে ফিরে এলেন তারা। কংগ্রেস বা মুসলিম লিগ কেউ রাজি নয় এই প্রস্তাবে। আমিও দেখি যে উপায় নেই। ঢাকায় চলে এসে নতুন করে শুরু করি। তখ্যকার মতো পাকিস্তান মেনে নিই। কিন্তু আমার সপ্ত কেমন করে পূর্ণ হবে এই আমার চিন্তা : হওয়ার কোনো সম্ভাবনাও ছিল না। লোকগুলো যা কমিউনাল। বাংলাদেশ চাই বললে সন্দেহ

করত। হঠাৎ একদিন রব উঠল, আমরা চাই বাংলা ভাষা। আমিও ভিড়ে যাই ভাষা আন্দোলনে। ভাষা আন্দোলনকেই একটু একটু করে রূপ দিই দেশভিত্তিক আন্দোলনে। এমন একদিন আসে যেদিন আমি আমার দলের লোকদের জিজ্ঞাসা করি, আমাদের দেশের নাম কী হবে? কেট বলে গাক-বাংলা, কেট বলে পূর্ব বাংলা। আমি বলি, না, বাংলাদেশ।

ব্যাঙ্গমি বলে, হাঁা, এই তো সেই দিন, নারায়ণগঞ্জ ছাত্রলীগের সম্মেলনে তিনি পূর্ব বাংলাকে বাংলাদেশ বইলা ডাকেন।

ব্যাঙ্গমা বলে, আর তাজউদ্দীন, গত বছরেই, ২৯ মার্চ ৪৮, বিকেলবেলা কার্জন হলে ছাত্রনেতা অলি আহাদ, নাঈমউদ্দিন সাহেবের সঙ্গে আলোচনা-তর্কবিতর্কে মাইতা উঠলেন। ভাজউদ্দীনের কথা হইল, আদৌ স্বাধীনতা পাওয়া যায়নি। অলি আহাদ সেইটা মানতে চাইলেন না।

ব্যাঙ্গমি বলল, শেখ মুজিব কইরা চলল মিছিল-মিটিং আন্দোলন-সংগ্রাম। জেল-জূলুম, পুলিশের লাটির বাড়ি কিছুই তারে দমাইতে পারে লা। তার ওপরে তার রাগ আরও বাড়ছে, তার নেতা সোহরাওয়াদীর বিরুদ্ধে সরকারের একের পর এক চক্রান্তের কারণে।

ব্যাঙ্গমা বলল, আর তাজ্রউদ্দীন কইরা চলল পেপার ওয়ার্কস।
নানা রকমের মেনিফেন্টো তৈরি করা, পুঞ্জিলা ছাপানো, মুসলিম
লীগ না নতুন দল, এই সব তর্কবিতর্কে রইম্ম মাইজা। শেখ মুব্রিব যেইখানেই যায়, পোকে তাকে দিরা ধরে। তাজ্রউদ্দীন কাজ্ব করে টেবিলে টেবিলে, যরের মধ্যের আলোচনায়। তবে তার এলাকারও যায়। সভা করে। ঢাকাত্রেও সভাসমিতি আলোচনা দেনদরবারে অংশ নেয়।

ব্যাসমি বলল, ইতিহাস দুইজনরে এক করব। আরও পরে। বাতাস ওঠে। আমগাছের পাতা নড়ে, শাথা দেলে। সামের গাছে মুকুল এসেছে। মুকুলের গন্ধে একটা মাদকতা আছে। ব্যাসমা আর ব্যাসমি সেই গন্ধভরা বাতাগ বুক ভরে টেনে নেয়। ভালের ভালো লাগে।

C.

শেশ মুদ্ধিবের মন খারাপ। বস্তুত ১৫০ মোণলটুলির ওয়ার্কার্স ক্যাম্পের সবারই মন খারাপ। হাশিমপন্থী বা সোহরাওয়াদীপন্থী বা মুসলিম লীগের প্রগতিশীল অংশের অনেকেই আজ বিষয়। সোহরাওয়াদীর গণপরিঘদ সদস্যপদ বাতিল করা হয়েছে।

কেবল সোহরাওয়াদীর পরিধন সদস্যপদ বাজিল করার জন্য গণপরিষদের সদস্যপদে থাকার থেগ্যেতার বিধি সংশোধন করা হয়। এ আইন যেদিন করাচিতে পাস হয়, সেদিন মাঘের সেই শীতার্ড দিনটিতে পোহরাওয়াদী নিজে উপস্থিত ছিলেন অধিবেশনে। বিতর্কে তিনি অংশও নিম্নেছিলেন।

গণপরিষদে দাঁড়িয়ে তিনি বললেন, 'মাননীয় ম্পিকার, জীবন থাকতে কোনো ব্যক্তির নিজের অভ্যেষ্টি ক্রিয়ার উপস্থিত হ'কার অথবা নিজের শোকসভায় ভাষণ দেওয়ার সুযোগ হয় না ।...সম্ভবত এই আমার শেষ ভাষণ। বলা হচ্ছে যে আরও ব্যাখ্যা প্রয়োজন। ভাই আইনের এই সংশোধনীগুলো করা হচ্ছে। এই আইন মানুষের কাছে পরিষ্কার। কিন্তু পাকিস্তান সরকারের কাছে অস্পষ্ট। আমার মতো একজন নিরীহ ব্যক্তিকে গণপরিষদ থেকে বাদ দেওয়ার জন্য উপস্থাপিত এইরূপ বিবরণ বিশ্বাস করতে আমি অস্বীকার করছি। যে রাষ্ট্র পৃথিবীর ইসলামিক রাষ্ট্রগুলোর প্রধান হতে চায়, যেখানে ন্যায়বিচার ও সংইক্ষুতা থাকবে, সে রাষ্ট্র তার আইনবিষয়ক ক্ষমতা, তার দলীয় শক্তি, তার সরকার, তার দলীয় শৃঞ্জনা পরিচালিত ক্ষমে কেবল এক্ষজন মান্ত্র মুক্তিকে দৃর করার অন্য, যার একমাএ জ্পরায় হলো এ গণপরিষদে সংখ্যালঘুর পক্ষে কথা বলা।'

ম্পিকার প্রস্তাবটি ভোটে দিলেন। কী প্রস্তাবং যে ব্যক্তি পাকিস্তানের স্থায়ী বাসিন্দা নন গত হয় মাসেও যিনি পাকিস্তানের স্থায়ী বাসিন্দা হতে পারেননি এবং হিনি পাকিস্তান রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করেন না, তিনি সদস্য থাকতে বা নির্বাচিত হতে পারবেন না।

একে একে সদস্যরা উঠে ভোট দিতে গেলেন। কেউ সোহরাওয়ার্দীর মুখের দিকে তাকাতে পারছেন না। কারণ সোহরাওয়ার্দী কিছুদিন আপেও ছিলেন এঁদেরই মুখ্যমন্ত্রী, এঁদেরই নেতা। তিনি ২৭টা বছর আইনসভায় সদস্য ছিলেন। এই সদস্যদের প্রত্যেকেই কোনো না কোনোভাবে তাঁর কাছে ঋণী। তিনি একাকী একটা চেয়ারে বসে আছেন। তাঁর মুখে স্মিত হাসি। স্পিকার ভোটের ফল ঘোষণা করলেন। আইনটি পাস হলো।

পরের দিন গণপরিষদের প্রেম বিজ্ঞপ্তিতে প্রচার করা হলো, সম্রকার এইচ এ সোহরাওয়াদীর গণপরিষদের আসন শূন্য ঘোষণা করছে। মেটা করা হলো আইন প্রশ্নের মাসখানেক পরে, ২ মার্চ ১৯৪৯। সেই খবর ঢাকা এসে পৌছায়।

শেশ যুজিব চিৎকার করে ওঠেন, 'এই পরিষদে বহু সদস্য আছেন যাঁদের পাকিস্তানে বাড়ি নাই ৷ কারও সদস্যপদ যাতিল হলো না, আর ওধু আমার লিভারের পদ বাতিল হলো! এই সাম্প্রদায়িক গণতন্ত্রবিরোধী থাজা-নিয়াকত সরকরের বিক্তমে আজ থেকে শুরু হলো আমার ভাইরেক্ট আক্রমন ৷'

মোগবটুলির কমীরা যে যাঁর বিছানা ছেড়ে এসে মুজিবকে যিরে ধরেন।

৫ মার্চ সোহরাওয়াদী কলকাতা ছেড়ে করাচিতে চলে আসেন। ওঠেন তাঁর ভাই শাহেদ সোহরাওয়াদীর বাসায়।

শুধু সোহরাওয়াদী নন, এর আণে মওলানা ভাসানীর পূর্ব পাকিন্তান আইনসভার সদস্যপদও গভর্মর এক নির্দেশ্বলে বাতিল করে দেন।

তিনি চাকার ১৫০ মোগলটুলিপন্থীদের নির্দেশ দেন বিরোধী দল গঠন করতে। কামরুদ্দীন আহমদ, তাজউদ্দীন আহমদ প্রমুখ কাজ খুঁজে পান।

Ů,

১৫০ মোগলটুলির গুরার্কার্স ক্যাম্পের বিছানায় গুরে মুজিব ছটফট করছেন। গাঁর চোথে ঘুম নেই। এ রকম সাধারণত হয় না। সারা দিনের মিছিল-মিটিং শেষে ঘরে ফিরে ক্লান্ত মুজিব চোথ বন্ধ করলেই বুনের অতলে তলিয়ে যান। আল রাতে তা হচ্ছে না। এমনিতেই চৈত্র মাস। খুব গরম পড়েছে। হাতপাখা যোরাতে ঘোরাতে হাত ব্যথা হওয়ার লোগাড়। গরম তো অন্য রাতেও পড়ে। তথ্য তো হাতপাখা ঘোরাতে হয় না। ঘুমিয়ে পড়লে গরমই কী আর ঠাভাই কী।

একটা সিদ্ধান্ত তাঁর নেওয়া দরকার। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁকে একটা বিজ্ঞপ্তি দিয়েছে। তাঁকে ১৫ টাকা জরিমানা দিতে হবে। আর মৃচলেকা দিতে হবে, এর পর থেকে তাঁর আচরণ ভালো করবেন। বিশ্ববিদ্যালয়ের এক্সিক্টিটিভ কাউনিল এই নোটিশ দিয়েছে।


তিনি নোটিশটা আবার বের করেন। পকেটে থাকতে থাকতে ঘামে ভিত্তে কাগজের ভাঁজ প্রায় ছেঁড়া ছেঁড়া হয়ে গেছে। টেবিলের ওপর হ্যারিকেন তুলে আলো বাড়ান। বিড়বিড় করে পড়তে থাকেন:

...that the following attached students be fined Rs. 15/- each and be allowed to continue as attached students to the condition that they furnish individually a guarantee of good conduct endorsed by their gurdians in the prescribed form to the relevant provost on or before the 17th April, 1949.

1. Sk. Mujibur Rahman II year LLB Roll 166 S.M.H

২৭ জন ছাত্রের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শান্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেন। এঁদের মধ্যে পূর্ব পাকিন্তান মুসলিম হাএলীগের আহ্যারক দবিরুপ ইনলাম, অলি আহাদেশহ ছয়জনের শান্তি হয়েছে চার বছরের বহিষ্কারাদেশ; ভাকসুর ভিলি অরবিন্দ বসুসমেত ১৫ জনের বিভিন্ন হল থেকে জরিমানা; দঈমুদ্দিশ্ আহমেদ, ওই সময়ের বিশ্ববিদ্যালয়ের সন্তিয় ও তুথেও ছাত্রীকর্মী নাদেরা বেগমসমেত শেব মুজিবের ১৫ টাকা জরিমানা। সে হিলাবে মুজিবের শান্তিই হয়েছে কম। একটা মুচলেকা আর ১৫টা টাকা দিয়ে দিলেই সবকিছু ঠিক থাকে। সবকিছু ঠিক থাকেবে মুজিবুর রহমান মুচলেকা দিয়ে পড়াশোনা করবেনং স্পাচরণের জন্য মুচলেকা দিতে হবেং তার মানে কি তিনি এত দিন যা করে এসেছেন তা অস্বদাচরণং

কী করেছিলেন তাঁরা?



তোমাধ্যে না বলগমে আরেস্ট হবা না

বিশ্ববিদ্যালয়ের নিম্ন বেতনভুক কর্মচারীর আনেক দিন ধরেই তাঁলের দাবিদাওয়া আদায়ের ব্যাপারে কর্তৃপজ্মের সঙ্গে আলোচনা করে আসছিলেন । আলোচনা কলপ্রসু না হওয়াখ তাঁরা ধর্মঘটে যান তাঁলের সমর্থনে ছাত্ররাও প্রাপ্ন বর্জন ওরু করেন। পূর্ব পাকিস্তান ছাত্রলীণ ছাত্রধর্মঘটের ভাক করে। মিছিল, সভা, সমাবেশে যোগ দিতে খ্যাকন ছাত্ররা। দণ্ডপ্রাপ্ত ছাত্ররা ছিলেন সেই আলোলনের সংগঠক। নিম্ন বেতনভুক কর্মসারীদের অবস্থা আনলেই ছিল খানবেতর। ব্রিটিশ আমলে প্রবর্জত বেতনকাঠামোয় ভারা ঠিক মানুষের মর্যাদাভুক্ত ছিলেন না। যেকোনো মানবিক মূলবোষস্কর্ম্পন্ন যানুষ্ট এই কর্মচারীদের দাবিদাওয়ার প্রতি সমর্থন করবে।

